

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৪৮

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ নবী (ঋৣ) এর দু'আ

باب فِي دُعَاءِ النَّبِيِّ صلى الله عليه وسلم

## আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَرَفَةَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ الْقُرَشِيّ الْمُلَيْكِيّ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ فُتِحَ لَهُ مِنْكُمْ بَابُ الدُّعَاءِ فُتِحَتْ لَهُ أَبْوَابُ الرَّحْمَةِ وَمَا سُئِلَ اللَّهُ شَيْئًا يَعْنِي أَحَبَّ إِلَيْهِ مِنْ أَنْ يُسْأَلَ الْعَافِيَة " . وَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ يَعْنِي أَحَبَّ إِلَيْهِ مِنْ أَنْ يُسْأَلَ الْعَافِيَة " . وَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ الدُّعَاءَ يَنْفَعُ مِمَّا نَزَلَ وَمِمَّا لَمْ يَنْزِلْ فَعَلَيْكُمْ عِبَادَ اللَّهِ بِالدُّعَاءِ " . قَالَ هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ الْقُرَشِيِّ وَهُوَ الْمَكِيُّ الْمُلَيْكِيُّ وَهُو ضَعْ فَي الْحَدِيثِ ضَعَقَهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ قِبَلِ حِفْظِهِ .

وَقَدْ رَوَى إِسْرَائِيلُ، هَذَا الْحَدِيثَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَا سُئِلَ اللَّهُ شَيْئًا أَحَبَّ إِلَيْهِ مِنَ الْعَافِيَةِ "

حَدَّثَنَا بِذَلِكَ الْقَاسِمُ بْنُ دِينَارٍ الْكُوفِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ الْكُوفِيُّ عَنْ إِسْرَائِيلَ بِهَذَا .

## বাংলা

৩৫৪৮. হাসান ইবন আরাফা (রহঃ) ..... ইবন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মাঝে যার জন্য দু'আর দ্বার উন্মোচিত হয়, তার জন্য জান্নাতের দ্বারসমূহও উন্মোচিত হয়। আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় যাঞ্চা হল সুস্থতা প্রার্থনা করা।

যঈফ, মিশকাত ২২৩৯, তা'লীকুর রাগীব ২/২৭২



রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেছেনঃ যে বিপদ আপতিত হয়েছে এবং যা এখনও আপতিত হয় নাই সবক্ষেত্রেই দু'আয় উপকার হয়। সুতরাং হে আল্লাহর বান্দাগন! তোমাদের দু'আ করা উচিত।

হাসান, মিশকাত ২৫৩৯, তা'লীকুর রাগীব ২/২৭২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫৪৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। আবদুর রহমান ইবন আবৃ বকর কুরাশী (রহঃ) এর রিওয়ায়াত ছাড়া এটি সম্পর্কে আমারা কিছুই জানি না। হাদীস বর্ণনার ক্ষেত্রে ইনি যইফ। কোন কোন হাদীসবিদ তাঁর স্মরণশক্তির সমালোচনা করেছেন। ইসরাঈল (রহঃ) এই হাদীসটি আবদুর রহমান ইবন আবৃ বকর-মূসা ইবন উকবা-নাফি'-ইবন উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন যে, তিনি বলেনঃ আল্লাহর কাছে যে সব প্রার্থনা করা হয়, সে সবের মাঝে সুস্থতা ও নিরাপত্তা প্রার্থনার চেয়ে প্রিয় জিনিস তাঁর কাছে আর কিছু নেই।

কাসিম ইবন দীনার কৃফী (রহঃ) — ইসরাঈল (রহঃ) সূত্রে উক্তরূপ বর্ণিত হয়েছে।

## **English**

Ibn `Umar narrated that the Messenger of Allah (ﷺ) said:

"Whomsoever of you the door of supplication is opened for, the doors of mercy have been opened for him. And Allah is not asked for anything - meaning - more beloved to Him, than being asked for Al-`Āfiyah." And the Messenger of Allah (ﷺ) said: "The supplication benefits against that which strikes and that which does not strike, so hold fast, O worshippers of Allah, to supplication."

That was narrated to us by Al-Qasim bin Dinar Al-Kufi (who said): "Ishaq bin Mansur narrated to us, from Isra'il" with this (Another chain)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন